গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ,দিনাজপুর

www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/একাডেমিক/মা:ফা:ভর্তি/১৫-১৬/২০১৭/[illegible] তারিখ: ১৪/১১/২০১৭ খ্রি.

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ২য় পর্যায়ের ভর্তির প্রাথমিক আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তি:

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ২য় পর্যায়ের অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত কোর্সে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ অনুযায়ী আবেদন করতে হবে।

ক্রমিক	করণীয়	তারিখ
১	প্রথম ধাপ: ২য় পর্যায়ের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর Masters অপশনে ক্লিক করে Apply Now (Master's Reg.) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন এন্ট্রি দিতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে পঠিত বিষয়ে অধিভুক্ত জেলাওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজের পছন্দ নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শেষপর্ব (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের ভর্তি নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১৬/১১/২০১৭ থেকে ২২/১১/২০১৭
২	দ্বিতীয় ধাপ: শিক্ষার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদনপত্রের সংগে (নির্ধারিত স্থানে স্বাক্ষর করে) সংশ্লিষ্ট কলেজে আবেদন ফি বাবদ ৩৩০/- (তিনশত ত্রিশ) টাকার রসিদ কলেজ ক্যাশ শাখা হতে সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিঃ, বিজ্ঞান ভবন, কলেজ বুথ এ জমা দিয়ে জমাদানের রসিদ এবং মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।	১৮/১১/২০১৭ থেকে ২৩/১১/২০১৭ দুপুর ১২ টা পর্যন্ত

সাধারণ নির্দেশনা:

ক) ১৬/১১/২০১৭ তারিখ থেকে ২২/১১/২০১৭ তারিখের মধ্যে শিক্ষার্থীকে Online (www.nu.edu.bd/admissions) এ ভর্তির আবেদন ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট কলেজে ২৩/১১/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

খ) ভর্তি কার্যক্রমের সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।

গ) সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) ভর্তির আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিলসহ ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

দিনাজপুর সরকারি কলেজে

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির বিষয় ও আবেদনের যোগ্যতা

	ভর্তিচ্ছু কোর্স ও বিষয়	কোর্সের মেয়াদকাল	ভর্তির ন্যূনতম যোগ্যতা
ক	Master of Arts (MA) Subject: 1) Bangla 2) English 3) History 4) Islamic History & Culture 5) Philosophy	১ বছর	◆জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। ◆ ইতোপূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন সংশ্লিষ্ট কলেজ নিশ্চয়ন করেনি. সে সকল শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। অথবা ◆ উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) Anthropology বিষয়ের শিক্ষার্থীরা Sociology বিষয়ে ভর্তি হতে পারবে।
খ	Master of Social Science (MSS) Subject: 1) Political Science 2) Sociology 3) Economics	১ বছর	
গ	Master of Science MSc) Subject: 1) Physics 2) Chemistry 3) Botany 4) Zoology 5) Mathematics	১ বছর	
ঘ	Master of Business Administration (MBA) Subject: 1) Accounting 2) Management	১ বছর	

আবেদন ফরম বাতিলকরণ:

আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে প্রতিষ্ঠান/কলেজের নাম পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Form Cancel option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে এবং একই সংগে ই-মেইলে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে তা বাতিল করা যাবে না।

◆ শিক্ষার্থী ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে।

ফলাফল:

ক) স্নাতকোত্তর শেষ পর্ব (নিয়মিত) ভর্তির জন্য আবেদনকারীকে কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। তবে তাদের স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস) ও স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা তৈরী করে জাতীয় বিশ্ববিদ্যালয় বিষয় বরাদ্দ দেবে।

খ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে ১) ১ম মেধা তালিকা, ২) শূন্য আসন সাপেক্ষে ২য় মেধা তালিকা, ৩) কোটা এবং ৪) রিলিজ স্লিপের মাধ্যমে প্রকাশ করা হবে।

গ) সর্বশেষ মেধা তালিকা দেয়ার পরেও যদি কোন প্রতিষ্ঠান/কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে, সে ক্ষেত্রে আবেদনকারী শিক্ষার্থীদের (যারা ভর্তি হয়নি) রিলিজ স্লিপে আবেদন করার সুযোগ দেয়া হবে।

ঘ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট website (www.nu.edu.bd/admissions)/SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।